

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০২.২০২৪. ২৭২

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২৪ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব রাজিব কুমার দাস (২২০৮৯), সহকারী অধ্যাপক (ইংরেজি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট এর বিরুদ্ধে ২০২৩ সালের বাগেরহাট সরকারি মহিলা কলেজ কেন্দ্রের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সটিংকালে শিক্ষা বোর্ডের রুটিনে উল্লিখিত দিন, তারিখ, বিষয় কোড ও সেট কোডের সাথে মিলিয়ে পরীক্ষার বিষয়সমূহের প্রতিটি ফয়েল প্যাকেটের ওপর লেখা সম্বলিত বিষয় কোড, সেট কোড সম্পূর্ণ নিশ্চিত না হয়ে ১২/০৯/২০২৩ তারিখের জন্য নির্ধারিত জীববিজ্ঞান (তৃতীয়) ১ম পত্র (১৭৮) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের প্যাকেটের পরিবর্তে ১৪/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য জীববিজ্ঞান (তৃতীয়) ২য় পত্র (১৭৯) বহুনির্বাচনী 'গ' সেটের প্রশ্নপত্রের ফয়েল প্যাকেটের মুখ কাটার অভিযোগের বিষয়টি জেলা প্রশাসক, বাগেরহাট কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে; যা পাবলিক পরীক্ষার মত স্পর্শকাতর বিষয়ে যথাযথভাবে গুরুত্ব না দেয়া ও দায়িত্বপালনে চরম অবহেলার শামিল। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১০/০৩/২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব জনাব রাজিব কুমার দাস (২২০৮৯), সহকারী অধ্যাপক (ইংরেজি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে "তিরস্কার" সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(সোলেমান খান)


সচিব

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২৪ খ্রি.

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০২.২০২৪. ২৭২/২(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব জনাব রাজিব কুমার দাস এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৭। জনাব জনাব রাজিব কুমার দাস (২২০৮৯), সহকারী অধ্যাপক (ইংরেজি), বাগেরহাট সরকারি মহিলা কলেজ, বাগেরহাট।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব